গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ, ফেনী

তারিখ : ২৪/০১/2020 খ্রি.

2019 mv‡ji wWMÖx cvm I mwU©wd‡KU †Kvm©
2q el© cixÿvi digc~i‡Yi
weÁwß

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৯ সালের বি.এ/বি.এস.এস/বি.বি.এস/বি.এস.সি(পাস) প্রাইভেট ও সার্টিফিকেট কোর্স (নিয়মিত, অনিয়মিত, মানোন্নয়ন ও অকৃতকার্য) ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পূরণ ও ফি জমাদানের তারিখ ও নিয়ামাবলী নিম্নে দেওয়া হল।

১।

| নং | কোর্স | আবেদন ফরম জমা দেয়ার তারিখ |
|---|---|---|
| ১ | ২য় বর্ষ বি.এস.এস নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট,সি.সি, মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন | ০২/০২/২০২০ হইতে ০৩/০২/২০২০ |
| ২ | ২য় বর্ষ বি.বি.এস নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট,সি.সি, মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন | ০৪/০২/২০২০ |
| ৩ | ২য় বর্ষ বি.এ/বি.এস.সি নিয়মিত,অনিয়মিত,প্রাইভেট,সি.সি, মানোন্নয়ন ও গ্রেড উন্নয়ন | ০৫/০২/২০২০ |

২। ফেনী পৌর এলাকার সোনালী ব্যাংক লি: থেকে অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ এই নামে এম.আই.সি.আর পে-অর্ডার সংগ্রহ করে কলেজের ক্যাশ শাখায় রসিদ এবং আবেদন ফরম জমা দিবে।

বিঃদ্রঃ- পৌর এলাকার বাহিরে কোন ব্যাংক থেকে পে-অর্ডার করা হলে এম.আই.সি.আর পে-অর্ডার সংগ্রহ করা না হলে বা বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার সমপরিমান পে-অর্ডার না হলে বা অধ্যক্ষ, ফেনী সরকারি কলেজ এই ঠিকানা ব্যতিত অন্য কোন নামে পে-অর্ডার গ্রহণ করা হবে না।

www.fgc.gov.bd

### ৩। কোর্সওয়ারী মোট ফিসের হিসাব নিম্নে দেয়া হল (সেশন ফি সহ)

| নং | কোর্স | ফি এর পরিমান | সেশন ফি | মোট |
|---|---|---|---|---|
| ১ | B.A/B.S.S/B.B.S ২য় বর্ষ প্রাইভেট | ১৫০০/ | - | ১৫০০/ |
| ২ | B.A/B.S.S/B.B.S ২য় বর্ষ নিয়মিত | ১৩০০/ | ২৭৭০/ | ৪০৭০/ |
| ৩ | B.Sc ২য় বর্ষ নিয়মিত | ১৩০০/ | ২৮৭০/ | ৪১৭০/ |
| ৪ | সার্টিফিকেট কোর্স | ১০০০/ | - | ১০০০/ |

### অনিয়মিত, অকৃতকার্য ও মানোন্নয়ন পরীক্ষা ফি

| ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় | ৭ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| ৯০০/ | ১০০০/ | ১১০০/ | ১২০০/ | ১৩০০/ | ১৪০০/ | ১৫০০/ |

৪। পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী ঃ

ক) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা নিয়মিত (৭০০ নম্বর) ঃ

i) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৮ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted (উত্তীর্ণ) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

ii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে ''বাংলা জাতীয় ভাষা'' আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iii) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

খ) ডিগ্রী পাস কোর্স ২য় বর্ষ পরীক্ষা অনিয়মিত (৭০০ নম্বর) ঃ

i) ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৮, ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে উত্তীর্ণ (Promoted) হয়েছে কিন্তু ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি বা অংশগ্রহণ করে অকৃতকার্য (Not Promoted) হয়েছে সে সকল শিক্ষার্থীরা এ পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী এবং ২০১৭ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ডিগ্রী পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে শর্তসাপেক্ষে ৩য় বর্ষে উত্তীর্ণ (Promoted-c) হয়েছে সে সকল শিক্ষার্থীরা অনুপস্থিত বিষয়ে অবশ্যই এ পরীক্ষায় অংশগ্রহণ করবে।

iii) উপরোক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদেরকে ২য় বর্ষে **''বাংলা জাতীয় ভাষা''** আবশ্যিকপত্রসহ নৈর্বাচনিক বিষয়গুলোর ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

iv) ২য় বর্ষের সকল পরীক্ষায় অংশগ্রহণ করা বাঞ্চনীয়।

গ) অকৃতকার্য ও মানোন্নয়ন ঃ

i) ২০১৬-২০১৭, ২০১৫-২০১৬, ২০১৪-২০১৫ ও ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী এবং ২০১৭, ২০১৬, ২০১৫ ও ২০১৪ সালের প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত যে সকল শিক্ষার্থী যারা ২০১৮, ২০১৭, ২০১৬ ও ২০১৫ সালের ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Not Promoted হয়েছে বা কোন পত্রে/কোর্সে F গ্রেড পেয়েছে তারা এ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী ২০১৮ সালের ২য় বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করে কোন পত্রে/কোর্সে C গ্রেড বা D গ্রেড পেয়েছে তারা **সর্বোচ্চ দু'টি কোর্সে/পত্রে মানোন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।**

ঘ) সার্টিফিকেট কোর্স পরীক্ষা (২০০ নম্বর) ঃ

i) ২০১৮, ২০১৭ও ২০১৬ সালের সার্টিফিকেট কোর্সে রেজিস্ট্রেশনকৃত শিক্ষার্থীগণ যারা ২০১৮, ২০১৭ ও ২০১৬ সালের ১ম বর্ষের পরীক্ষায় ১ম ও ২য় পত্রে Promoted (উত্তীর্ণ) হয়েছে তারা এ পরীক্ষায় ২য় বর্ষের নির্ধারিত ৩য় ও ৪র্থ পত্রের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

ii) এ সকল শিক্ষার্থীরা ২০১৩-১৪ শিক্ষাবর্ষের সিলেবাস অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

৫। অনলাইনে আবেদন ফরম পূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **(www.nubd.info/degree-pass)** এ গিয়ে **Apply to online form Fillup (For Student)**-এ লিংকে ক্লিক করে নিজের রেজিস্ট্রেশন নম্বর দিয়ে ও ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে, অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে। পূরণকৃত ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড এবং ফি উল্লেখ থাকবে।

খ) প্রত্যেক শিক্ষার্থীদের সম্প্রতি তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের ছবি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের নির্ধারিত স্থানে আইকা গাম দ্বারা আটকিয়ে দিতে হবে।

গ) ফিসহ প্রিন্টকৃত আবেদন ফরমে দুইটি অংশ থাকবে। উভয় অংশে অধ্যক্ষ স্বাক্ষর করার পর উপরের অংশ পরীক্ষার্থী সংরক্ষণ করবে এবং নিচের অংশটি আবেদনকারীকে নিজ দায়িত্বে স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে অবশ্যই জমা দিতে হবে।

৬। রেজিষ্ট্রেশন কার্ডের ফটোকপি (এক কপি) আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

28.01.2020

অধ্যক্ষ

ফেনী সরকারি কলেজ, ফেনী

অধ্যক্ষ

ফেনী সরকারী কলেজ, ফেনী।

28/1/2020

www.fgc.gov.bd